


বিষয়: অর্থনৈতিক শুমারি ২০২৪ এর Post Enumeration Check (PEC) বা শুমারি পরবর্তী যাচাই জরিপের তথ্য-উপাত্ত সংগ্রহে সহযোগিতা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নধীন অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের আওতায় মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম গত ১০ ডিসেম্বর হতে ২৬ ডিসেম্বর ২০২৪ সময়ে দেশব্যাপী পরিচালিত হয় এবং শুমারির প্রাথমিক প্রতিবেদন গত ২৯ জানুয়ারি ২০২৫ তারিখে প্রকাশিত হয়। শুমারির উল্লেখযোগ্য কার্যক্রম হিসেবে Bangladesh Institute of Development Studies (BIDS) কর্তৃক শুমারি পরবর্তী যাচাই জরিপ বা PEC পরিচালনা করা হচ্ছে যা আগামী ২৮ জুন হতে ১০ জুলাই ২০২৫ তারিখে পরিচালিত হবে। মূলত: গণনাকালে সৃষ্ট শুমারির Coverage ও Content Error যাচাই করার জন্য পিইসি জরিপ পরিচালনা করা হয়। এ কার্যক্রমে দেশের ৬৪ জেলা থেকে নির্বাচিত ৩৫১টি নমুনা এলাকা হতে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে। উল্লিখিত সময়ে নির্বাচিত নমুনা এলাকায় বিআইডিএস কর্তৃক নিযুক্ত মাঠ পর্যায়ের গণনাকারী ও সুপারভাইজারগণ তথ্য সংগ্রহ করবেন।

২। এমতাবস্থায়, আগামী ২৮ জুন হতে ১০ জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত অন্তিম শুমারি পরবর্তী যাচাই জরিপ বা PEC এর তথ্য-উপাত্ত সংগ্রহে বিআইডিএস কর্তৃক নিযুক্ত গণনাকারীদের প্রবেশাধিকারসহ অন্যান্য সকল কার্যক্রমে আপনার অধীনস্থ সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ করা হলো।



মোহাম্মদ মিজানুর রহমান

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোন- ০২-৫৫০০৭০৫৬

ইমেইল- dg@bbs.gov.bd

বিতরণ:

১) জেলা প্রশাসক,জেলা (তীর অধীনস্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে পিইসি জরিপ কার্যক্রমে সক্রিয় সহযোগিতাকরণে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগ।
- ৩) পুলিশ সুপার, জেলা।
- ৪) যুগ্ম-পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, বিভাগ।
- ৫) উপপরিচালক/ উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা।
- ৬) উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা, জেলা।
- ৭) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯) অফিস কপি।